

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৭৪০

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - নবীকুল শিরোমণি -এর মর্যাদাসমূহ

الفصل الاول (بَابُ فَضَائِل سَيِّدِ الْمُرْسَلِينَ)

আরবী

وَعَنْ وَاتِلَةَ بْنِ الْأَسْقَعِ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «إِنَّ اللَّهَ اصْطُفَى كِنَانَةَ وَاصْطُفَى مِنْ قُرَيْشًا مِنْ كِنَانَةَ وَاصْطُفَى مِنْ قُرَيْشٍ بَنَى اصْطُفَى كِنَانَةَ وَاصْطُفَى مِنْ قُرَيْشٍ بَنَى هَاشِمٍ وَاصْطُفَانِي مِنْ بَنِي هَاشِمٍ» . رَوَاهُ مُسْلِمٌ وَفِي رِوَايَةٍ لِلتِّرْمِذِيِّ: «إِنَّ اللَّهَ اصْطُفَى مِنْ ولد إِبْرَاهِيم إِسْمَاعِيل وَاصْطُفى من ولد إِسْمَاعِيل بني كنَانَة»

رواه مسلم (1 / 2276)، (5938) و الترمذي (3606) ـ (صَحِيح)

বাংলা

৫৭৪০-[২] ওয়াসিলাহ্ ইবনুল আসকা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) -কে বলতে শুনেছি, আল্লাহ তা'আলা ইসমাঈল আলায়হিস সালাম-এর বংশধর হতে 'কিনানাহ'র বংশধরকে নির্বাচন করেছেন। আর কিননার বংশধর হতে কুরায়শ বংশকে নির্বাচন করেছেন। আবার কুরায়শ বংশ হতে বানূ হাশিম পরিবার হতে আমাকেই বাছাই করেছেন। (মুসলিম)

আর তিরমিয়ীর বর্ণনায় আছে- আল্লাহ তা'আলা ইবরাহীম আলায়হিস সালাম-এর বংশে ইসমাঈল আলায়হিস সালাম-কে এবং ইসমাঈল আলায়হিস সালাম-এর বংশে বানূ কিনানাকে মনোনীত করেছেন।

ফটনোট

সহীহঃ মুসলিম ১-(২২৭৬), সহীহ ইবনু হিব্বান ৬২৪২, আবূ ইয়া'লা ৭৪৮৫, সিলসিলাতুস্ সহীহাহ্ ৩০২।

ব্যাখ্যা



ব্যাখ্যা: وَاصْطَفَى قُرَيْشًا مِنْ كِنَانَة) "কুরায়শকে নির্বাচন করেছি কিনানাহ্ বংশ থেকে"; কিনানাহ হলো নাযর ইবনু কিনানার সন্তানেরা।

রাসূলুল্লাহ (সা.) -এর বংশ তালিকা:

আবুল কাসিম মুহাম্মাদ ইবনু 'আবদুল্লাহ ইবনু 'আবদুল মুত্তালিব ইবনু হাশিম ইবনু আবদ মানাফ ইবনু কুসাই ইবনু কিলাব ইবনু মুররাহ্ ইবনু কা'ব ইবনু লুওয়াই ইবনু গালিব ইবনু ফিহর ইবনু মালিক ইবনু নাযর ইবনু খ্যায়মাহ্ ইবনু মুদরিকাহ্ ইবনু ইল্ইয়াস ইবনু নাযর ইবনু নাযর ইবনু মা'দ ইবনু আদনান। রাসূলুল্লাহ (সা.) -এর বংশধর এ পর্যন্তই সহীহ সূত্রে বর্ণিত। আদনান-এর উপরের বংশ তালিকা বিশুদ্ধ সূত্রে বর্ণিত নয়। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ওয়াসিলাহ ইবনু আসকা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন